গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৮৬-আইন/২০২৬/৪১/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ২৯ মে, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৯৮-আইন/২০২৪/৫০/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) TABLE-1 এর কলাম (1) এ উল্লিখিত Heading 84.31 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত Heading 84.31 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“

84.31	8431.31.00	AC choke coil
	8431.31.00	Door contact
	8431.31.00	Door vane
	8431.31.00	Fishplate
	8431.31.00	Guide shoe
	8431.31.00	Hydraulic buffer
	8431.31.00	Lift overload device
	8431.31.00	Lop/Cop for lift
	8431.31.00	Overspeed governor
	8431.31.00	Pit box
	8431.31.00	Pollyurithin buffer
	8431.31.00	Rope fastner for lift
	8431.31.00	Safety gear
	8431.31.00	Sustainer

”; এবং

(খ) শর্তাবলির দফা (৫) এর পর নিম্নরূপ নূতন দফা (৬) সংযোজিত হইবে, যথা:-

“(৬) বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA), বাংলাদেশ হাইটেক

Downloaded from www.taxvatpoint.com

পার্ক কর্তৃপক্ষ অথবা আইন বলে প্রতিষ্ঠিত অন্য যে কোনো কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান যাহাদের জন্য শিল্প ভোক্তা আইআরসি গ্রহণের বাধ্যবাধকতা নাই সেইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র দাখিল করিতে হইবে।"।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com